



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jssoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০৩-০৫-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩-১৫০ নং স্মারকক পত্র।
ক) অধ্যক্ষ মহোদয়ের ২২-০৮-২০১৬ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-৭২৯৫) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৩-০৫-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩-১৫০ নং স্মারক পত্রের নির্দেশ ও কলেজ মঞ্জুরী কমিটির পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৬ তারিখ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্যে কলেজটিকে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। একাডেমিক স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত কলেজে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) **নৈর্বাচনিক বিষয় সমূহ :**

- ক) মানবিক বিভাগ : পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, সমাজ বিজ্ঞান ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ, কৃষিশিক্ষা।
গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ, রসায়ন, জীববিদ্যা, উচ্চতর গণিত।

শর্তাবলী :

- নিয়োগকৃত জনবলের বেতনভাতাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- কলেজটি স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও পাশের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- এনটিআরসিএ সনদধারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগ ও মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।
- বেসরকারি কলেজের ক্ষেত্রে অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- নির্বাহী কমিটির মেয়াদ শেষ হবার পর বিধি মোতাবেক কমিটি গঠন করে জমা দিতে হবে।
- বোর্ডের পূর্বানুমতি ছাড়া কোন বিষয়/বিভাগে শিক্ষার্থী ভর্তি ও পাঠদান করা যাবে না।
- যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- কলেজ চত্বরে ফলজ, বনজ ও গুঁথি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

অধ্যক্ষ

জিডি সামছুদ্দিন আহমেদ কলেজিয়েট স্কুল

ডাক : গোপালপুর, উপজেলা : কুমারখালী, কুষ্টিয়া

স্মারক নং- ক/অ/

৭৮৫(৩৩)/(৩-২২)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাখা-৯, (কলেজ-৪)।
- জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সভাপতি, পরিচালনা পরিষদ, জিডি সামছুদ্দিন আহমেদ কলেজিয়েট স্কুল, ডাক : গোপালপুর, উপজেলা : কুমারখালী, কুষ্টিয়া।
- অফিস নথি।

স্বাক্ষর

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

তারিখ : ০২/১১/২০১৭

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর